



# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## চট্টগ্রাম-৪৩৪৯, বাংলাদেশ।

স্মারক নং:-/চুয়েট/কোঅর্ডিনেশন-১৪/৭ ৫০

২৯ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ  
১২ মার্চ, ২০২৪ খ্রি:


- : বিজ্ঞপ্তি:-

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস” যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্তে আগামী ১৭ মার্চ, ২০২৪ খ্রি:, রবিবার দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম মহোদয় উক্ত দিবসের অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন। অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদেরকে উক্ত কর্মসূচিগুলোতে অংশগ্রহণপূর্বক অনুষ্ঠানমালাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ক্রমিক	কর্মসূচিসমূহ	স্থান/আয়োজক	তারিখ ও সময় ১৭/০৩/২০২৪ খ্রি.
১.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী উপলক্ষ্যে আনন্দ র্যালি	উপাচার্য অফিস ভবনের সামনে থেকে	সকাল ১০:০০ ঘটিকা
২.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী উপলক্ষ্যে জাতির পিতার ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ	স্বাধীনতা চত্বর সংলগ্ন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ম্যুরাল প্রাঙ্গণ	সকাল ১০:১০ ঘটিকা
৩.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জীবন ও আদর্শের উপর আলোচনা সভা	একাডেমিক কাউন্সিল কক্ষ, ভিসি অফিস (৩য় তলা)	সকাল ১০:২০ ঘটিকা
৪.	সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ	একাডেমিক কাউন্সিল কক্ষ, ভিসি অফিস (৩য় তলা)	সকাল ১১.৩০ ঘটিকা
৫.	বিশেষ দোয়া মাহফিল ও তবারুক বিতরণ	কেন্দ্রীয় জামে মসজিদ	বাদ জোহর
৬.	বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য রচনা প্রতিযোগিতা	আয়োজক: ছাত্রকল্যাণ দপ্তর	ছাত্রকল্যাণ দপ্তর কর্তৃক সময়সূচী ঘোষণা করা হবে
৭.	শিশুকিশোরদের জন্য রচনা প্রতিযোগিতা:- (গ্রুপ-ক: ৩য়-৫ম শ্রেণী, গ্রুপ-খ: ৬ষ্ঠ-৮ম শ্রেণী, গ্রুপ-গ: ৯ম-১০ম শ্রেণী)	আয়োজক: স্টাফ ওয়েলফেয়ার কমিটি স্থান: চুয়েট ক্লাব মিলনায়তন	স্টাফ ওয়েলফেয়ার কর্তৃক সময়সূচী ঘোষণা করা হবে
৮.	শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা:- (গ্রুপ-ক: শিশু শ্রেণী-১ম শ্রেণী, গ্রুপ-খ: ২য়-৩য় শ্রেণী, গ্রুপ-গ: ৪র্থ-৫ম শ্রেণী, গ্রুপ-ঘ: ৬ষ্ঠ-১০ম শ্রেণী)	আয়োজক: স্টাফ ওয়েলফেয়ার কমিটি স্থান: চুয়েট ক্লাব মিলনায়তন	স্টাফ ওয়েলফেয়ার কর্তৃক সময়সূচী ঘোষণা করা হবে

\*\*\* কর্মসূচিসমূহে অংশগ্রহণের নিমিত্তে চট্টগ্রাম রেল স্টেশন থেকে একটি বাস সকাল ৮:৪৫টায় ছেড়ে আসবে এবং আলোচনা অনুষ্ঠান শেষে ক্যাম্পাস থেকে চট্টগ্রাম শহরের উদ্দেশ্যে ছেড়ে যাবে। এছাড়া ক্যাম্পাস থেকে গমনাগমনের জন্য একটি বাস সকাল ৯:৪৫ মিনিটে উত্তর গোলাচত্বর থেকে ছেড়ে আসবে এবং আলোচনা অনুষ্ঠান শেষে প্রত্যাবর্তন করবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-


  
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)

সদস্য সচিব, জাতীয় দিবস উদযাপন কমিটি

এবং রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব), চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। সকল ডীন/ পরিচালক/বিভাগীয় প্রধান/প্রভোস্ট/ অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট (ইহা তাঁর বিভাগ ও অফিসের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে)।
- ২। পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)
- ৩। প্রধান প্রকৌশলী, চুয়েট (উল্লেখিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠান পরিচালনার জন্য জাতির পিতার ম্যুরাল প্রাঙ্গণ ও একাডেমিক কাউন্সিল কক্ষে সাউন্ড সিস্টেম ও বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ এবং সকাল থেকে জাতির পিতার ম্যুরাল প্রাঙ্গণে ৭ই মার্চের ভাষণ সম্প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৪। নিরাপত্তা উপদেষ্টা ও সহকারী পরিচালক (নিরাপত্তা), চুয়েট (উল্লেখিত সময়সূচী অনুযায়ী জাতির পিতার ম্যুরাল প্রাঙ্গণ পরিষ্কারকরণ, প্রয়োজনীয় পুষ্পস্তবক তৈরির ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৫। সভাপতি, যানবাহন পরিচালনা কমিটি (উপরোক্ত সময়ে চট্টগ্রাম শহর ও ক্যাম্পাস থেকে গমনাগমনের জন্য যানবাহন প্রদানের অনুরোধ সহকারে)।
- ৬। পেশ ইমাম, চুয়েট (আলোচনা সভায় উপস্থিত থেকে কোরআন তেলাওয়াত, দোয়া ও মোনাজাত পরিচালনার অনুরোধ সহকারে)।
- ৭। সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি, স্টাফ ওয়েলফেয়ার কমিটি, চুয়েট ক্লাব, কর্মচারী ক্লাব, চুয়েট।
- ৮। পিএস টু ভিসি, চুয়েট (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৯। সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপ-উপাচার্য মহোদয়ের দপ্তর, চুয়েট (উপ-উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ১০। সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।
- ১১। সংরক্ষণ নথি।

  
২২/০৩/২৪

(মোহাম্মদ ফজলুর রহমান)

উপ-পরিচালক (জনসংযোগ)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।